সাংবাদিক দিপনের পাশে দাঁড়ালো যুক্তরাষ্ট্র কামরান স্মৃতি পরিষদ

চেম্বার ডেস্ক: দূরারোগ্য ব্যধিতে আক্রান্ত সিলেটের সিনিয়র সাংবাদিক দেবব্রত রায় দিপনের পাশে দাঁড়ালো বদর উদ্দিন আহমদ কামরান স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র শাখা। পূর্ব প্রতিশ্রুতি অনুযায়ী সংগঠনের সদস্যদের মধ্য সংগৃহীত সহায়তার টাকা শুক্রবার (১৬ ফেব্রুয়ারি) সাংবাদিক দিপনের বাসায় পৌছে দেওয়া হয়। সহায়তা প্রদানকালে উপস্থিত ছিলেন সিলেটের সাবেক জননন্দিত মেয়র মরহুম বদর উদ্দিন আহমদ কামরানের বড় সন্তান ও সিলেট মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ডা. আরমান আহমদ শিপলু।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জাস্ট হেল্প ফাউণ্ডেশনের চেয়ারম্যান ও চ্যানেল এস যুক্তরাজ্য ব্যুরো প্রধান বিশিষ্ট সাংবাদিক জনাব মিজানুর রহমান মিজান, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির সাবেক পরিচালক ও বিশিষ্ট ব্যবসায়ী জনাব মুকির হোসেন চৌধুরী,জাস্ট হেল্প ফাউণ্ডেশনের সাধারণ সম্পাদক মোহাম্মদ বখত মুজমাদার, ছড়াকার ও লোকনাথ ট্যুরিজমের স্বত্বাধিকারী পর্যটক নিরঞ্জন চন্দ্র চন্দ।

সহায়তা প্রদানকালে ডা.আরমান আহমদ শিপলু বলেন, নির্ভিক সাংবাদিকরা বেঁচে না থাকলে সমাজ হবে বসবাস অযোগ্য। দেবব্রত রায় দিপন প্রায় ২০ বছরের অধিক সময় সিলেটের সাংবাদিকতায় নিজের সততার এবং সাহসের স্বাক্ষর রেখেছেন। তাই তাঁর এই দূরাবস্থায় সমাজের সকল বিত্তবানদের তিনি পাশে আসার আহবান জানান।